

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ১৭

২ মে, ২০১০
তারিখ:-----
১৯ বৈশাখ, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ন্যাশনাল সার্ভিস কর্মসূচির সুবিধাভোগীদের নামে ব্যাংক হিসাব খোলা প্রসংগে।

দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম প্রতিবন্ধকতা হচ্ছে বেকারত্ব। বেকারত্ব দূরীকরণের জন্য সরকার কর্তৃক ন্যাশনাল সার্ভিস কর্মসূচির বাস্তবায়ন করা হচ্ছে। এই কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে ন্যাশনাল সার্ভিস কর্মসূচী আওতাধীন বেকার যুব/যুবমহিলাদের সঞ্চয়ী হিসাব নগদ ৫০/- (পঞ্চাশ) টাকা জমা গ্রহণপূর্বক খোলা যাবে। উক্ত হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ করা যাবে না এবং ঐ সকল হিসাব থেকে কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সোহরাওয়ার্দী)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫